দৈনিক
ইত্তেফাক

তারিখ 17 JUL 2010
পৃষ্ঠা ৩৩ কলাম ৬

# কলেজ সরকারিকরণের দাবিতে বিভিন্ন স্থানে বিক্ষোভ

■ ইত্তেফাক ডেস্ক

কলেজ সরকারিকরণের দাবিতে বিভিন্ন স্থানে আলোচনা সভা, মানববন্ধন ও বিক্ষোভ করেছে কলেজ শিক্ষক, শিক্ষার্থী ও এলাকাবাসী। ইত্তেফাক প্রতিনিধি ও সংবাদদাতাদের পাঠানো খবর।

**কুমিল্লা:** কুমিল্লার বুড়িচং উপজেলা সদরের এরশাদ ডিগ্রি কলেজ সরকারিকরণের দাবিতে গত কয়েকদিন ধরে শিক্ষার্থীরা বিক্ষোভ মিছিল, কুমিল্লা-মীরপুর সড়কের কলেজ এলাকায় মানববন্ধন, রাস্তা অবরোধ কর্মসূচি পালন করে আসছে। গতকাল শনিবার একই দাবিতে উপজেলা সদরে জাতীয় পার্টির নেতৃবৃন্দ সংবাদ সম্মেলন করেছে। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন কুমিল্লা দক্ষিণ জেলা জাতীয় পার্টির (এ) সহ-সভাপতি ও বুড়িচং উপজেলা জাতীয় পার্টির উপদেষ্টা প্রফেসর সফিকুর রহমান। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বুড়িচং উপজেলা জাতীয় পার্টির (এ) আহ্বায়ক হাজী মো. নূরুল হক মাস্টার, যুগ্ম আহ্বায়ক হাজী আলী আকবর, সদস্য সচিব মো. জসিম উদ্দিন মাস্টারসহ দলের অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

**হোমনা (কুমিল্লা):** হোমনা উপজেলার শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান হোমনা ডিগ্রি কলেজ জাতীয়করণ না হওয়া জনমনে ক্ষোভের সৃষ্টি হয়েছে। হতাশার মধ্যে রয়েছে উপজেলার দু' লক্ষাধিক মানুষ।

জানা গেছে, উপজেলায় কোনো কলেজ না থাকায় ১৯৮৪ সালে তৎকালীন হোমনার ইউএনও মো. আলাউদ্দিন নিজ উদ্যোগে স্থানীয় লোকজনকে নিয়ে উপজেলা সদরে কলেজটি প্রতিষ্ঠা করেন। প্রতিষ্ঠার পর থেকেই সরকারের মন্ত্রীসহ স্থানীয় এমপিরা কলেজটি জাতীয়করণের আশ্বাস দেন। বর্তমানে শিক্ষাবান্ধব প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রথম দফায় ১৯৯টি কলেজ জাতীয়করণের ঘোষণা দিলেও ঐ তালিকায় হোমনা ডিগ্রি কলেজটি না থাকায় হোমনাবাসীর মধ্যে হতাশা শুরু হয়।

স্থানীয় সংসদ সদস্য ও কলেজের সভাপতি মো. আমির হোসেন ভূঁইয়া জানান, কলেজটি জাতীয়করণের জন্য সংশ্লিষ্ট দপ্তরে ডিউ লেটার দেয়া হয়েছে এবং বেশ কয়েকবার জাতীয় সংসদে সর্বশেষ গত রমজান মাসেও আমার বক্তব্যে কলেজটি জাতীয়করণের দাবি জানিয়েছে।

কলেজের অধ্যক্ষ মো. কামাল হোসেন জানান, কলেজের অবকাঠামো ও আর্থিক অবস্থা এবং শিক্ষা কার্যক্রম অত্যন্ত ভাল। কলেজটি সরকারি হলে এখানকার গরীব শিক্ষার্থীরা উপকৃত হবে।

**পুঠিয়া (রাজশাহী):** পুঠিয়া উপজেলার বানেশ্বর কলেজ জাতীয়করণের তালিকায় নাম না আসায় গতকাল শনিবার সকাল ১১টায় বানেশ্বর ট্রাফিক মোড় চত্বরে কলেজ কর্তৃপক্ষ ও এলাকাবাসী মানববন্ধন কর্মসূচি পালন করে। ১৯৬৪ সালে প্রতিষ্ঠিত বানেশ্বর কলেজ জাতীয়করণের দাবিতে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করে বক্তব্য রাখেন, কলেজ অধ্যক্ষ এসএম একরামুল হক, উপাধ্যক্ষ খোরশেদ আলম, অধ্যাপক মনিরুজ্জামান মনি, এবাদুল্লাহ, ভারতী রানী দাস, সিদ্দিকুর রহমান, গভর্নিং বডির সদস্য নাসিমুজ্জামান, বানেশ্বর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, কলেজ ছাত্রলীগ সভাপতি দেলোয়ার হোসেন প্রমুখ।

**সুজানগর (পাবনা):** পাবনার সুজানগরের দুলাই ডা. জহুরুল কামাল ডিগ্রি (অনার্স) কলেজের অধ্যক্ষের অপসারণ ও কলেজটি জাতীয়করণের দাবিতে কলেজের শিক্ষক-শিক্ষার্থী ও এলাকাবাসী পাবনা-ঢাকা মহাসড়ক অবরোধ করে মানবন্ধন কর্মসূচি পালন করেছে। গতকাল শনিবার সকাল ১০টায় এই কর্মসূচি পালন করা হয়। কলেজ জাতীয়করণের সম্ভাব্য তালিকায় প্রথমদিকে দুলাই ডা. জহুরুল কামাল ডিগ্রি কলেজের নাম ছিল। কিন্তু গত ৩০ জুন প্রকাশিত চূড়ান্ত তালিকা থেকে বাদ পড়ে। ১৯৮৪ সালে সুজানগর উপজেলা সদরে প্রতিষ্ঠিত ঐতিহ্যবাহী নিজাম উদ্দিন আজগর আলী ডিগ্রি কলেজের নাম প্রকাশিত হয়। এতে ওই কলেজের শিক্ষক-শিক্ষার্থী ও এলাকাবাসীর মাঝে ক্ষোভের সৃষ্টি হয়। পরে দুপুর সাড়ে ১২টার দিকে খবর পেয়ে সুজানগর উপজেলা নির্বাহী অফিসার সাখাওয়াত হোসেন ও থানার অফিসার ইনচার্জ মুহাম্মদ নুর ইসলাম ঘটনাস্থলে গিয়ে বিষয়টি সমাধানের উদ্যোগ নেয়ার আশ্বাস দিলে অবরোধ তুলে নেয় অবরোধকারীরা। এরপর যান চলাচল স্বাভাবিক হয়।

উল্লেখ্য একই দাবিতে গত বৃহস্পতিবার বিক্ষুব্ধ শিক্ষক-শিক্ষার্থী ও এলাকাবাসী অধ্যক্ষসহ তার অনুসারী কিছু শিক্ষককে কার্যালয়ে অবরুদ্ধ করে রাখার পাশাপাশি ওই সড়ক অবরোধ করে। সুজানগর উপজেলা নির্বাহী অফিসার সাখাওয়াত হোসেন বলেন, কলেজ জাতীয়করণের তালিকা থেকে নাম বাদ পড়ায় কলেজের শিক্ষার্থী ও এলাকাবাসী পাবনা-ঢাকা মহাসড়ক দুই ঘণ্টা অবরোধ করে রাখে। খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি স্বাভাবিক করা হয়।